

আকাশবাণীশিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

1 OCTOBER 2026

7:45—7:55PM

১) কেন্দ্রীয় লোকসেবা আয়োগ (ইউ পি এস সি)-র ১শো বছরের যাত্রায় সরকার , প্রযুক্তি এবং পাঠক্রম পরিবর্তন হলেও দেশের জনসাধারণের এই প্রতিষ্ঠানের ওপর বিশ্বাসযোগ্যতা অটুট রয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য ।

২) আগামী শনিবার প্রথমবারের মত অনুষ্ঠেয় শিলচর পৌর নিগম নির্বাচনের প্রচারাভিযান আজ বিকেল ৪টায় সমাপ্ত ।

৩) বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অধীনে চাকরী নিয়মিত হওয়া ১৫ হাজার ২৯ জন শিক্ষক কোষাগারের মাধ্যমে বেতন পাবেন বলে রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেণ্ডুর প্রকাশ ।

এবং

৪) বিভিন্ন সরকারী প্রকল্প এবং সেবা সরাসরি জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে আজ থেকে ১০ দিনব্যাপি সমগ্র রাজ্যে বিভিন্ন কার্যসূচির মাধ্যমে সেবাসেতু অভিযানের আয়োজন ।

কেন্দ্রীয় লোকসেবা আয়োগ (ইউ পি এস সি)-র ১শো বছরের যাত্রায় সরকার , প্রযুক্তি এবং পাঠক্রম পরিবর্তন হলেও দেশের জনসাধারণের এই প্রতিষ্ঠানের ওপর বিশ্বাসযোগ্যতা অটুট রয়েছে । আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে কেন্দ্রীয় লোকসেবা আয়োগের শতবর্ষ উদযাপন অনুষ্ঠানে অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মন্তব্য করেন । যুব প্রজন্মকে জনসেবার ক্ষেত্র পর্যন্ত নিয়ে আসার প্রয়োজনীয়তা রয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে তাদের শুধুমাত্র কার্যালয়ে আবদ্ধ না থেকে জনসেবায় নিয়োজিত হতে হবে । শ্রী মোদী একই সঙ্গে জোর দিয়ে বলেন যে একবিংশ শতাব্দীতে

ভারত একটি নতুন কর্মসংস্কৃতি গড়ে তুলেছে এবং জনসাধারণকেন্দ্রিক , সক্রিয়তা ও সুপ্রশাসন নীতির মাধ্যমে এই কর্মসংস্কৃতি অতপ্রতভাবে যুক্ত রয়েছে ।

ব্যক্তিগত , গণ অভিযোগ ও পেনশন বিভাগের কেন্দ্রীয় মন্ত্রী ডক্টর জীতেন্দ্র সিং বলেন যে লোকসেবা আয়োগ গত ১২ বছরে নতুন রূপে উদ্ভাসিত হয়ে ওঠেছে এবং বহু নতুন দিক সংযুক্ত হয়েছে । এই সময়ে লোকসেবা আয়োগের মাধ্যমে সরকার ৬৫ হাজার নিযুক্তপত্র প্রার্থীদের হাতে পৌছে দিতে সক্ষম হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

উল্লেখ্য যে ১৯২৬ সালে কেন্দ্রীয় লোকসেবা আয়োগ প্রতিষ্ঠা হওয়ার ১শো বছর সম্পূর্ণ হওয়া উপলক্ষে গত বছরের পয়লা অক্টোবর থেকে আরম্ভ হওয়া বছরব্যাপী উদযাপনের আজ সমাপ্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী স্মারক মুদ্রা , স্মারক ডাক টিকিট এবং Hundred Landmark Judgements - Shaping the Policies of UPSC and Public Service Comission in India শীর্ষক একটি গ্রন্থের উন্মোচন করেন ।

চলতি অর্থবছরের সেপ্টেম্বর মাসে পণ্য ও পরিষেবা কর (জি এস টি) সংগ্রহের হার গতবছরের তুলনায় ১৪ দশমিক ৭ শতাংশ বৃদ্ধি পেয়েছে । ২০২৫ সালের সেপ্টেম্বর মাসে এই পরিমান ছিল ১ লক্ষ ৭৭ হাজার কোটি টাকা । ২০২৬-এর সেপ্টেম্বরে কেন্দ্রীয় জি এস টি-র পরিমান দাঁড়িয়েছে ৩৭ হাজার ৭শো ৭২ কোটি টাকা ।

আজ জাতীয় স্বেচ্ছামূলক রক্তদান দিবস । রক্তদানের প্রতি ব্যাপক সচেতনতা সৃষ্টি সহ রক্তদানের গুরুত্ব সম্পর্কে জনসাধারণকে সচেতন করার উদ্দেশ্যে প্রতিবছর পয়লা অক্টোবর তারিখটি জাতীয় রক্তদান দিবস হিসেবে পালন করা হয় । ১৯শো ৭৫ সালে Indian Society of Blood Transfusion and Immunohematology এই দিবস উদযাপন করা শুরু করেছিল । জরুরী অবস্থায় রোগীর জীবন রক্ষা করার জন্য প্রত্যেক সুস্থ ব্যক্তি যাতে নির্ভয়ে রক্তদান করতে পারেন সেই বিষয়টি অবগত

করতে আজ বিভিন্ন কার্যসূচি রূপায়ন করা হয় । এছাড়াও রক্তের জটিল রোগে আক্রান্ত লোকেদের জন্য রক্তদানের গুরুত্ব সম্পর্কে জনসাধারণকে সচেতন করা হয় । আসামের বিভিন্ন স্থানে স্বৈচ্ছাসেবী রক্তদান সংস্থা , ব্লাড ব্যাঙ্ক এবং বিভিন্ন চিকিৎসা সংস্থার উদ্যোগে এই দিবস পালন করা হয়েছে ।

আগামী তেসরা অক্টোবর প্রথমবারের মতো অনুষ্ঠেয় শিলচর পৌর নিগম নির্বাচনের প্রচার অভিযান আজ বিকেল চারটায় শেষ হয়েছে । প্রচারের শেষ দিনে ৪২ টি ওয়ার্ডের বি জে পি ,কংগ্রেস ও নির্দল প্রার্থীরা শোভাযাত্রা ও বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে শেষ মুহূর্তে তাঁদের প্রচার চালান । এই নির্বাচনে মোট ১৩৩ জন প্রার্থী প্রতিদ্বন্দিতায় রয়েছেন । উল্লেখ্য ৯ নম্বর এবং ২০ নম্বর এই দুটি ওয়ার্ডে বি জে পি মনোনীত প্রার্থী বিনা প্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছেন ।

প্রচার সমাপ্ত হবার পর আরম্ভ হয়েছে ৪৮ ঘণ্টার # নীরবতা পর্ব # । এই সময়ে জনসভা , শোভাযাত্রা , নির্বাচনী প্রচার নিষিদ্ধ করা হয়েছে । সংবাদ মাধ্যম এবং সোসিয়েল মিডিয়াতেও নির্বাচনী প্রচারের বিষয়বস্তু প্রকাশের ক্ষেত্রে নিষেধাজ্ঞা রয়েছে । নির্বাচন বিভাগের নির্দেশ অনুসারে এস এম এস , ফোনকল বা সোসিয়েল মিডিয়ার মাধ্যমে ভোটারদের প্রভাবিত করার চেষ্টা করা যাবে না ।

ভোটগ্রহণের দিন ভোটগ্রহণ কেন্দ্র থেকে ১০০ মিটারের মধ্যে নির্বাচনী প্রচার ,পোস্টার ব্যানার ,মাইক্রোফোন বা মেগাফোন ব্যবহার নিষিদ্ধ থাকবে । নির্বাচনে অবতীর্ণ প্রার্থী ও তাঁদের এজেন্টরা অনুমোদিত বাহন ছাড়া অন্য কোনো বাহন ব্যবহার করতে পারবেন না । নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আইনের অধীনে ব্যবস্থা গ্রহণ করা হবে বলে নির্বাচন বিভাগ জানিয়েছে ।

এদিকে নগাঁও লোকসভা আসনের আসন্ন উপ-নির্বাচনকে কেন্দ্র করে রাজনৈতিক দলসমূহের প্রচারাভিযান অব্যাহত রয়েছে । বি জে পি সহ বিরোধী দলগুলিও দলীয় প্রার্থীদের সমর্থনে ওই লোকসভা আসনের অধীন বিভিন্ন স্থানে জনসভা , পথসভা ইত্যাদি প্রচার কার্যসূচির মাধ্যমে ভোট দাতাদের আকৃষ্ট করার চেষ্টা করছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ দলীয় প্রার্থী দেবশীষ শর্মার পক্ষে প্রচার কার্যসূচিতে অংশ

গ্রহণ করেন । অন্যদিকে সাংসদ গৌরব গগৈ আজ কংগ্রেস প্রার্থী শিবামণি বরার পক্ষে প্রচার চালান । এ আই ইউ ডি এফ প্রার্থী বদরুদ্দিন আজমল বিভিন্ন স্থানে পথসভা করে জনসাধারণের সঙ্গে মত বিনিময় করেন ।

বিভিন্ন সরকারী প্রকল্প এবং সেবা সরাসরি জনসাধারণের কাছে নিয়ে যাওয়ার উদ্দেশ্যে আজ থেকে ১০ দিন রাজ্যব্যাপি কার্যসূচির মাধ্যমে সেবাসেতু অভিযানের আয়োজন করা হয়েছে । এই অভিযানের সঙ্গে সঙ্গতি রেখে রাজ্যের ১শো ২টি স্থানে বিনামূল্যে স্বাস্থ্য ও জনকল্যাণ শিবিরের আয়োজন করা হবে । সেবা সংকল্প শিবিরের মাধ্যমে জনসাধারণ সরকারী প্রকল্পের সুবিধা , বিভিন্ন সেবা লাভ করা সহ প্রকল্প সম্পর্কে অভিযোগ দাখিল করতে পারবেন । কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ২৫টি প্রকল্প এবং সেবা এই শিবিরগুলিতে সুচারুরূপে জনসাধারণকে প্রদান করা হবে । এর মধ্যে কেন্দ্রীয় সরকারের গৃহিত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা , প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনা , প্রধানমন্ত্রী কৃষান সম্মান নিধি , স্বমিত্র প্রকল্প , প্রধানমন্ত্রী জন ধন যোজনা , এক দেশ এক রেশন , প্রধানমন্ত্রী সূর্য ঘর , প্রধানমন্ত্রী স্বনিধি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে ।

বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অধীনে চাকরী নিয়মিত হওয়া ১৫ হাজার ২৯ জন শিক্ষক কোষাগারের মাধ্যমে বেতন পাবেন বলে রাজ্যের শিক্ষামন্ত্রী রণোজ পেগু জানিয়েছেন । এ সম্পর্কে ইতিমধ্যেই বিদ্যালয় শিক্ষা বিভাগের যুগ্ম সচিব সর্বশিক্ষা আসামের মিশন সঞ্চালক এবং প্রাথমিক শিক্ষা সঞ্চালকের কাছে একটি পত্র প্রেরণ করা হয়েছে । পত্রে উল্লেখ করা হয়েছে যে কেন্দ্রীয় সরকারের প্রকল্প অনুমোদন বোর্ডের প্রদান করা ৪শো ৫৮ কোটি ৭৯ লক্ষ টাকা সর্বশিক্ষার অধীনে ১০ হাজার ২শো ৬৭ জন ঠিকানিষ্ঠ শিক্ষকের বেতন প্রদানের জন্য ব্যয় করা হবে । এছাড়াও বিশেষ নিযুক্তি প্রক্রিয়ার অধীনে চাকরী নিয়মিত হওয়া ১৫ হাজার ২৯ জন শিক্ষককে আসাম সরকারের কোষাগারের মাধ্যমে বেতন প্রদান করা হবে বলেও জানানো হয়েছে ।

আজ আন্তর্জাতিক প্রবীণ নাগরিক দিবস নতুন প্রজন্মের মধ্যে প্রবীণ নাগরিকদের সুস্থ চিন্তাধারা ও অভিজ্ঞতার আদান প্রদানের মাধ্যমে একটি মানবিক , সমব্যাপী ও সুস্থসমাজ গড়ে তোলার জন্য প্রতি বছর পয়লা অক্টোবর এই দিবস পালন করা হয় । প্রবীণ নাগরিকদের মর্যাদা , নিরাপত্তা ,সামাজিক অংশগ্রহণ ও সুস্বাস্থ্য নিশ্চিত করা আমাদের সম্মিলিত দায়িত্ব এবং এই দিবসে এই দায়িত্ববোধকে স্মরণ করা হয় । গৌহাটীর পাঞ্জাবারীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে বিভিন্ন কার্যসূচীতে আজ এই দিবস অনুষ্ঠিত হয়েছে । এছাড়া রাজ্যের বিভিন্ন জেলায়ও আজ প্রবীণ নাগরিক দিবস উপলক্ষ্যে নানা কার্যসূচীর আয়োজন করা হয় ।

সমগ্র দেশের সঙ্গে আজ হাইলাকান্ডিতে ও আন্তর্-জাতিক জ্যেষ্ঠ নাগরিক দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে হাইলাকান্ডি পুলিশ বিভাগের উদ্যোগে হাইলাকান্ডির প্রবীন নাগরিক কার্যালয়ে একটি সচেতনতা সভার আয়োজন করা হয়েছে । জেলার জ্যেষ্ঠ পুলিশ সুপার অমিতাভ সিনহার পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় প্রবীন নাগরিকদের বিশেষ করে সাইবার প্রবঞ্চনা , এ টি এম ব্যবহার এবং অনলাইন ব্যাঙ্কিং-এর ক্ষেত্রে সুরক্ষা সম্পর্কে সচেতন করা হয়েছে । সভায় ভারতীয় স্টেইট ব্যাঙ্কের হাইলাকান্ডি শাখার ম্যানেজার দীপক কুমার সিংহ , হাইলাকান্ডি জ্যেষ্ঠ নাগরিক ফোরামের সভাপতি নারায়ন দেবনাথ , সমাজকর্মী নীতিশ ভট্টাচার্য্য প্রমুখ বক্তব্য রাখেন । এ বিষয়ে ফোরামের সভাপতি নারায়ন দেবনাথ আমাদের সংবাদদাতাকে জানান---

শিলচরের গুরুচরন বিশ্ববিদ্যালয়ে আজ তিনজন নতুন আধিকারীক দায়িত্ব গ্রহন করেছেন । বিশ্ববিদ্যালয়ের রেজিষ্টার হিসেবে ডক্টর অভিজিৎ নাথ , ভারপ্রাপ্ত একাডেমিক রেজিষ্টার হিসেবে ডক্টর নিলেন্দু ধর এবং ডেপুটি কন্ট্রোলার অব এক্সামিনিশন হিসেবে অভিজিৎ সূত্রধর দায়িত্ব গ্রহন করেন । বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য অধ্যাপক নিরঞ্জন রায় নতুন তিন আধিকারীকের দায়িত্ব গ্রহনে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও শৈক্ষিক কার্যকর্মে গতি আসবে বলে আশা প্রকাশ করেছেন ।

পিপলস প্ল্যান ক্যাম্পে এবং রিফর্ম উৎসব-২০২৬ এর অঙ্গ হিসেবে আগামীকাল কাছাড় জেলার ১৬২টি গ্রামে বিশেষ গ্রাম সভার আয়োজন করা হয়েছে। বিশেষ গ্রাম সভায় সশক্ত পঞ্চায়েত, স্বামিত্ব প্রকল্প, ভি বি জি রাম জি, লাখপতি দিদি, জলাধার উন্নয়ন প্রকল্প, জল জীবন মিশন এবং স্বচ্ছ ভারত মিশন-গ্রামীণ নিয়ে আলোচনা করা হবে। উল্লেখ্য তৃনমূল স্তরে উন্নয়ন ও জনকল্যানমূলক উদ্যোগগুলিকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে বিশেষ গ্রামসভাগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা করা হচ্ছে।

গ্রামীণ উন্নয়নে জনগনের অংশগ্রহণ সুনিশ্চিত করতে এবং বিভিন্ন সরকারী প্রকল্পের সফল বাস্তবায়নের লক্ষ্যে শ্রীভূমি জেলার সব গ্রাম পঞ্চায়েতেও আগামীকাল বিশেষ গ্রামসভা অনুষ্ঠিত হবে। জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারীক মুন গগৈ আত্ম-সহায়ক গোষ্ঠীর সদস্য, প্রবীন নাগরিক, যুবক-যুবতী সহ সর্বস্তরের জনসাধারণকে গ্রামসভাগুলিতে অংশগ্রহণ করতে আহ্বান জানিয়েছেন।
